


তারিখ: ০৫-০৭-২০২২, খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৫-০৭-২০২২ খ্রি. তারিখ, সোমবার উচ্ছেন মে, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এর নেতৃত্বে "ঢালি সুপার স্টোর", গুলশান-২, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানকালে দেখা যায়, অনেক পণ্যের আমদানিকারকের প্রমাণক নেই এবং দোকানে যথাযথ লেবেলবিহীন খাদ্য পণ্য মজুদ করতে দেখা যায়। বিদেশ থেকে আমদানিকৃত পণ্য সমূহের চালান কপি না থাকায় "ঢালি সুপার স্টোর" কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) অর্থদন্ডে দন্ডিত করা হয়।

"ঢালি সুপার স্টোর" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য মোড়কীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয়। "ঢালি সুপার স্টোর" কর্তৃপক্ষও নির্দেশনা মেনে চলবেন বলে অজ্ঞীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব আব্দুল খালেক মজুমদার, ছানোয়ার হোসেন, বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টৌকস টিম উপস্থিত ছিলেন।


(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ২২২২২৩৪৮১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।